সমকাল

তারিখ ... 28 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

সরকারি তোলারাম কলেজ

# ৬শ' শিক্ষার্থীর বিপরীতে শিক্ষক ৪

■ নারায়ণগঞ্জ প্রতিনিধি

নারায়ণগঞ্জ সরকারি তোলারাম কলেজে শিক্ষার্থীর অনুপাতে শিক্ষক অত্যন্ত কম। এ কলেজে ৬০০ শিক্ষার্থীর বিপরীতে শিক্ষক রয়েছেন মাত্র চারজন। দিন দিন শিক্ষার্থীর সংখ্যা বাড়লেও বাড়ছে না শিক্ষকের সংখ্যা। এখানে শিক্ষকের বেশ কয়েকটি পদও দীর্ঘদিন ধরে খালি রয়েছে। শিক্ষক নিয়োগের বিষয়ে শিক্ষার্থীরা কলেজ প্রশাসনকে বারবার তাগাদা দিলেও তা আমলে নেওয়া হচ্ছে না বলে অভিযোগ করেছেন তারা।

নারায়ণগঞ্জ সরকারি তোলারাম কলেজে শিক্ষার্থী রয়েছে প্রায় ১৮ হাজার। এর বিপরীতে শিক্ষক রয়েছেন মাত্র ১২২ জন। কিন্তু শিক্ষার্থীর সংখ্যা দিন দিন বৃদ্ধি পেলেও শিক্ষকের সংখ্যা বাড়েনি, উল্টো শূন্যপদ রয়েছে ৬টি।

শিক্ষার্থীরা অভিযোগ করেন, এ কলেজে শিক্ষার্থীর অনুপাতে শিক্ষক অত্যন্ত কম। ফলে শিক্ষকরা নিয়মিত ক্লাস নিয়েও সময়মতো কোর্স শেষ করতে পারছেন না। যার কারণে তারা পিছিয়ে পড়ছেন। এ বিষয়ে তোলারাম কলেজের অধ্যক্ষ প্রফেসর প্রভাত চন্দ্র দত্ত বলেন, কলেজে শিক্ষক সংকটের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।